

3. শিক্ষাশ্রয়ী সমাজবিদ্যার প্রকৃতি

শিক্ষাশ্রয়ী সমাজবিদ্যার যে সকল প্রকৃতি দেখা যায়, তা হল—

- (1) প্রয়োগমূলক শাখা : সমাজবিদ্যার একটি প্রয়োগমূলক শাখা হল শিক্ষাশ্রয়ী সমাজবিদ্যা। শিক্ষাক্ষেত্রে সমাজবিদ্যার নীতি ও পদ্ধতির বৈজ্ঞানিক প্রয়োগ ঘটে।
- (2) শিক্ষা ও সমাজের সম্পর্কের আলোচনা : শিক্ষার সঙ্গে সমাজের যে গভীর সম্পর্ক রয়েছে তাই নিয়ে শিক্ষাশ্রয়ী সমাজবিদ্যা আলোচনা করে।
- (3) সমাজের অগ্রগতি : শিক্ষাশ্রয়ী সমাজবিদ্যার প্রকৃতি হল শিক্ষার মাধ্যমে সমাজের উন্নয়ন ও অগ্রগতি ঘটানো।
- (4) সামাজিক প্রক্রিয়ার সঠিক প্রয়োগ : শিক্ষাশ্রয়ী সমাজবিদ্যার সাহায্যে শিক্ষায় যথাযথভাবে সামাজিক প্রক্রিয়াগুলির সঠিক প্রয়োগ সম্ভব হয়।
- (5) ব্যক্তি ও সমাজের মধ্যে সমন্বয় : শিক্ষায় সমাজবিদ্যার নীতি ও পদ্ধতিগুলির প্রয়োগের মাধ্যমে ব্যক্তি ও সমাজের মধ্যে সংগতিপূর্ণ সম্পর্ক স্থাপিত হয়।

সুতরাং, শিক্ষাশ্রয়ী সমাজবিদ্যা হল সমাজবিদ্যার একটি প্রয়োগমূলক শাখা যার দ্বারা শিক্ষায় সমাজবিদ্যার নীতি ও পদ্ধতির বৈজ্ঞানিক প্রয়োগ ঘটে। এর ফলে ব্যক্তি ও সমাজের মধ্যে সংগতিপূর্ণ সম্পর্ক স্থাপিত হয় এবং ব্যক্তি ও সমাজের উন্নয়ন ও অগ্রগতি ঘটে।